দৈনিক সংবাদ

তারিখ 30 APR 1987
পৃষ্ঠা ২ কলাম ৬

০২

# শিক্ষাক্ষেত্রে বৈষম্য শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

'বাংলাদেশে শিক্ষাক্ষেত্রে বৈষম্য' শীর্ষক এক সেমিনারে শিক্ষাক্ষেত্রে বৈষম্য দূর করতে কুদরত-এ-খুদা শিক্ষা কমিশন রিপোর্টের বাস্তবায়নের ওপর গুরুত্ব দেয়া হয়েছে।

বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আয়োজিত এই সেমিনার সম্প্রতি সিদ্ধেশ্বরী গার্লস কলেজে অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ মুশাররফ হোসেন। সেমিনারে প্রবন্ধ পড়েন অধ্যাপক আনিসুজ্জামান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে আবু জাফর শামসুদ্দিন এবং বিশেষ অতিথি হিসেবে অধ্যক্ষা শামসী আরা হোসেন বক্তব্য রাখেন। অন্যান্যের মধ্যে আলোচনায় অংশ নেন ডঃ রশীদ আল ফারুকী, ডঃ জহুরুল হক, ডঃ অজয় রায়, অধ্যাপিকা সেলিমা বাহার জামান, ডঃ ম, আখতারুজ্জামান, অধ্যাপক গোলাম সামদানী কোরায়শী প্রমুখ।

বক্তারা শিক্ষাক্ষেত্রে বৈষম্যের জন্য মূলতঃ বর্তমান আর্থ-সামাজিক কাঠামোকে দায়ী করেন। এজন্য তারা শিক্ষা ব্যবস্থাসহ জাতির সার্বিক স্বার্থে সমাজ বদলের সংগ্রামে এগিয়ে আসার জন্য জনগণের প্রতি আহ্বান জানান।

## নতুন শিক্ষা কমিশন সম্পর্কে প্রতিক্রিয়া

বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ ম, আখতারুজ্জামান ও সাধারণ সম্পাদক অধ্যাপক গোলাম সামদানী কোরায়শী শনিবার এক বিবৃতিতে নতুন শিক্ষা কমিশন গঠনের প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন।

বিবৃতিতে তাঁরা বলেন, পঁচাত্তর-পরবর্তী সরকারগুলো বৈষম্যমূলক শিক্ষা নীতির মাধ্যমে শিক্ষা সংকোচনের যে নীল নকশা বাস্তবায়িত করার উদ্যোগ গ্রহণ করেছে, বর্তমান কমিশন তারই ধারাবাহী হবে।